# এসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **রচনামূলক প্রশ্ন** পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা কর :** ১০

(ক) বৈশাখী মেলা

(খ) ইন্টারনেট

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখ :** ১০

(ক) বিদ্যালয় জীবনের শেষদিনের অনুভূতি জানিয়ে তোমার বান্ধবীর কাছে একটি পত্র লেখ।

(খ) এসএসসি পরীক্ষায় উত্তীর্ণের পর প্রশংসাপত্র চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।

**৩. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা কর :** ১০

(ক) বন্যায় ক্ষতিগ্রস্ত জনজীবনের বিবরণ দিয়ে দৈনিক পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

(খ) বিদ্যালয়ের ক্যান্টিন সমস্যা নিয়ে প্রধান শিক্ষকের নিকট একটি অনুসন্ধানী প্রতিবেদন দাখিল কর।

**৪. যেকোনো একটি বিষয়ে সারাংশ/সারমর্ম লেখ :** ১০

(ক) সারাংশ লেখ :

অপরের জন্য তুমি তোমার প্রাণ দাও আমি বলতে চাইনে। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর কর। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটু খালি মিষ্টি কথা বল। পথের অসহায় মানুষটার দিকে একটু করুণ কটাক্ষ নিক্ষেপ কর। তাহলেই অনেক হবে। চরিত্রবান মনুষ্যত্ব সম্পন্ন মানুষ নিজের চেয়ে পরের অভাবে বেশি অধীর হন। পরের দুঃখ ঢেকে রাখতে গৌরববোধ করেন।

**(খ) সারমর্ম লেখ :**

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কি বা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।

http://teachingbd.com

রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় ভেঙে পড়ে
ঊর্ধ্বে দুহাত বাড়াস।

৫. **যে কোনা একটি বিষয়ের ভাব-সম্প্রসারণ কর :** ১০

(ক) কত বড় আমি, কহে নকল হীরাটি
তাই তো সন্দেহ করি নয় ঠিক খাঁটি।

(খ) স্পষ্টভাষী শত্রু নির্বাহ মিত্র অপেক্ষা ভালো।

৬. **যে কোনা একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :** ২০

(ক) বাংলাদেশের বন্যা সমস্যা ও তার প্রতিকার

(খ) দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা

(গ) শ্রমের মর্যাদা

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ০ | ২ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'মাথা খাওয়া'—এখানে 'মাথা' কী অর্থ প্রকাশ করে?
ক দায়িত্ব গ্রহণ    খ শপথ করা
গ হঠাৎ ক্রোধবশত    ঘ আগ্রহ

২. 'বিদ্বান সকলের দ্বারা আদৃত হন'— এটি কোন বাচ্যের বাক্য?
ক কর্তৃবাচ্য    খ কর্মবাচ্য
গ ভাববাচ্য    ঘ কর্মকর্তৃবাচ্য

৩. প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে পরিবর্তন করতে হলে ভাব অনুসারে পরিবর্তন করতে হয় কোন ক্ষেত্রে?
ক প্রশ্নবোধক বাক্যে
খ প্রশ্নবোধক ও অনুজ্ঞাসূচক বাক্যে
গ অনুজ্ঞা ও আবেগসূচক বাক্যে
ঘ প্রশ্ন, অনুজ্ঞা ও আবেগসূচক বাক্যে

৪. যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক কোলন    খ সেমিকোলন
গ ড্যাস    ঘ হাইফেন

৫. 'বর্ধমান'-এর সঠিক বিপরীত শব্দ কোনটি?
ক ক্ষয়িষ্ণু    খ আসাম
গ ক্রমমান    ঘ ক্ষীয়মান

৬. 'বিধু'— শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক শশধর    খ ভাস্কর
গ মার্তণ্ড    ঘ ভুজঙ্গ

৭. 'পকেটমার' কোন কোন শব্দের মিলনে শব্দদ্বৈত হয়েছে?
ক বাংলা ও ইংরেজি    খ ফারসি ও ইংরেজি
গ ইংরেজি ও বাংলা    ঘ ইংরেজি ও সংস্কৃত

৮. সংযুক্ত বর্ণের কোন রূপটি সঠিক?
ক ষ + ণ = ষ্ণ    খ ঙ + গ = ঙ্গ
গ ন + ড = ণ্ড    ঘ ষ + ঞ = ষ্ণ

৯. অপিনিহিতি-এর উদাহরণ কোনটি?
ক স্কুল>ইস্কুল    খ সত্য>সত্যি
গ রত্ন>রতন    ঘ আজি>আইজ

১০. স্বভাবতই 'ণ' এর ব্যবহার হয়েছে কোন শব্দে?
ক ভীষণ    খ লাবণ্য
গ কৃপণ    ঘ কারণ

১১. বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ কোনটি?
ক তস্কর    খ মণীষা
গ সংস্কৃত    ঘ পরস্পর

১২. কোন প্রত্যয়টি যুক্ত হলে স্ত্রীবাচক শব্দে কখনো কখনো অবজ্ঞার ভাব প্রকাশ পায়?
ক আনী    খ নী
গ উন    ঘ আইন

১৩. 'ঘুমিয়ে ঘুমিয়ে শুনলে কীভাবে'— এ বাক্যে ঘুমিয়ে ঘুমিয়ে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক ক্রিয়া বিশেষণ    খ ভাব বিশেষণ
গ বিশেষ্য রূপে    ঘ বিশেষণ রূপে

১৪. 'কমল'— শব্দটির শেষে কোন বহুবচনবোধক শব্দটি বসবে?
ক নিকর    খ নিচয়
গ রাজি    ঘ দাম

১৫. নির্দেশক সর্বনাম-এর সাথে টা, টি যুক্ত হলে তা কী হয়?
ক নির্দিষ্ট    খ সুনির্দিষ্ট
গ অনির্দিষ্ট    ঘ বিশেষ অর্থ

১৬. 'পীতাম্বর, নীলকণ্ঠ' কোন ধরনের বহুব্রীহি সমাস?
ক ব্যাধিকরণ    খ ব্যতিহার
গ সমানাধিকরণ    ঘ প্রত্যয়ান্ত

১৭. কোনটি খাঁটি বাংলা উপসর্গ সাধিত শব্দ?
ক ইতিকথা    খ অনুবাদ
গ অভিযান    ঘ উপবন

১৮. খাঁটি বাংলা ধাতু কোনটি?
ক জম্    খ ঝুলানো
গ আক্    ঘ গঠ্

১৯. কোনটি নিপাতনে সিদ্ধ কৃৎপ্রত্যয়?
ক দত্ত    খ বুদ্ধি
গ যুদ্ধ    ঘ শ্রান্তি

২০. 'নৈপুণ্য' বোঝাতে তদ্ধিত প্রত্যয় ব্যবহার হয়েছে কোনটিতে?
ক জেলে    খ বেলে
গ মেছো    ঘ খুনে

২১. কোন শব্দের ব্যবহারিক অর্থ ও ব্যুৎপত্তিগত অর্থ একই রকম?
ক রূঢ় শব্দ    খ মৌলিক শব্দ
গ যোগরূঢ় শব্দ    ঘ যৌগিক শব্দ

২২. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'—এখানে 'কিংবা' অব্যয়টি কোন ধরনের অব্যয়?
ক সংযোজক    খ বিয়োজক
গ সংকোচক    ঘ অনন্বয়ী

২৩. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে'— বাক্যটি কোন অর্থে যৌগিক ক্রিয়া?
ক অভ্যস্ততা    খ অনুমোদন
গ তাগিদ দেওয়া    ঘ কার্য সমাপ্তি

Teachingbd.com

২৪. **কোনটি নিত্যবৃত্ত বর্তমান কালের উদাহরণ?**

ক এতক্ষণ আমি অঙ্ক করেছি
খ কে জানে দেশে আবার সুদিন আসবে কিনা
গ চিন্তা করো না, কালই আসছি
ঘ এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি

২৫. **'মেলা দেখতে ঢাকা যাব'— কোন অর্থে 'ইতে' অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে?**

ক ইচ্ছা প্রকাশে খ জানা অর্থে
গ নিমিত্ত অর্থে ঘ সূচনা বোঝাতে

খ বিপদ থেকে বাঁচাও
গ শুক্তি থেকে মুক্তো মেলে
ঘ দুধ থেকে দই হয়

২৮. **'সন্ধ্যা অবধি অপেক্ষা করব'— বাক্যে কী অর্থে অনুসর্গে ব্যবহার হয়েছে?**

ক স্বল্পবিরতি অর্থে খ দীর্ঘ বিরতি অর্থে
গ পর্যন্ত অর্থে ঘ নিমিত্ত অর্থে

২৯. **'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে'— বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?**

ক যোগ্যতা খ আকাঙ্ক্ষা
গ আসত্তি ঘ অর্থবাচকতা

৩০. **'কুল কাঠের আগুন'— এর প্রকৃত অর্থ কী?**

ক কাঠের পুতুল খ কূপমণ্ডূক
গ তীব্র জ্বালা ঘ কেতাদুরস্ত

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd.com